# আগষ্ট/২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

স্থান: ইউপি সভাকক্ষ তারিখ: ২৪/০৮/২০২৩ ইং সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভাপতি: মোঃ সহীদুল ইসলাম মজনু

| ক্রঃনং | উপস্থিত সদস্য গণের নাম | পরিচয় | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ সহীদুল ইসলাম মজনু | চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | হাছিনা বেগম | সংরক্ষিত আসনের সদস্য, ১ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | রিংকু দত্ত | সংরক্ষিত আসনের সদস্য, ২ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোছাঃ শাহানাজ পারভীন | সংরক্ষিত আসনের সদস্য,৩ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোঃ ইসাহাক সেক | সাধারণ আসনের সদস্য ,১ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ মোসলেউদ্দিন | সাধারণ আসনের সদস্য ,২ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | মহঃ রেজাউল কবির খান | সাধারণ আসনের সদস্য ,৪ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | মোঃ আজগর হোসেন | সাধারণ আসনের সদস্য ,৫ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৯ | কালাম সেক | সাধারণ আসনের সদস্য ,৬ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | মাইনুদ্দিন | সাধারণ আসনের সদস্য ,৭ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | মুহাম্মাদ ছব্দুল হোসেন | সাধারণ আসনের সদস্য ,৮ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ হিটলু খান | সাধারণ আসনের সদস্য ,৯ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান,ঈশান গোপালপুর ইউপি সাহেব সভার আসন গ্রহণ করলে সভার কাজ আরম্ভ করা হইল ।

আলোচ্য সূচী- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
আলোচ্য সূচী- ২। আগষ্ট/২০২৩ মাসে টিসিবি পণ্য বিতরণ প্রসঙ্গে।
আলোচ্য সূচী -৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব উদ্ধৃত্ত খাতের আওতায় প্রকল্পের তালিকা প্রসঙ্গে আলোচনা।
আলোচ্য সূচী -৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব খাতের অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্প ও বাস্তবায়ন কমিটি প্রসঙ্গে আলোচনা।
আলোচ্যসূচী -০৫ : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি,আর), কাবিটা, কাবিখা কর্মসূচীর আওতায় ১ম পর্যায় প্রকল্পের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন প্রসঙ্গে।
আলোচ্য সূচী -৬। ২০২৩-২০২৪ অর্থ বছরে ইউপি হোল্ডিং ট্যাক্স আদায় ও ব্যয় প্রসঙ্গে আলোচনা।
আলোচ্য সূচী -৭। বিবিধ

অদ্যকার সভার সম্মানিত সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্যাবলী আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান যাহা অনুমোদিত হয়।

আলোচ্য সূচী- ২। আগষ্ট /২০২৩ মাসে টিসিবি পণ্য বিতরণ প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলকে দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, আগষ্ট/২০২৩ মাসে ৮৯৬জন উপকারভোগীর মধ্যে ৫কেজি চাউল,২কেজি ডাল এবং ২লিটার সয়াবিন তেল টিসিবি পণ্য বিতরণ করা প্রয়োজন।জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হইল। আলাপ-আলোচনা শেষে সঠিকভাবে টিসিবি পণ্য বিতরণের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

আলোচ্য সূচী -৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব উদ্ধৃত্ত খাতের আওতায় প্রকল্পের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রেরণ প্রসঙ্গে আলোচনা।

অদ্যকার সভার সভাপতি সাহেব এক প্রস্তাবে বলেন যে, উপজেলা নির্বাহী অফিসার , ফরিদপুর সদর, ফরিদপুর এর কার্যালয় হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব উদ্ধৃত্ত খাতের আওতায় প্রকল্পের তালিকা দাখিল করিবার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু সাহেবের প্রস্তাবটির উপর বিস্তারিত আলাপ আলোচনা করিবার পর সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত হইয়া বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ রাখিয়া নিম্নে উলেখিত প্রকল্প সমুহ ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব উদ্ধৃত্ত খাতের আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্পের তালিকা কমিটি দাখিল করিবার জন্য সর্বসম্মত্তিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

(প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে)   (উপজেলা রাজস্ব উদ্ধৃত্ত)

১।  ঈশান গোপালপুর ইউনিয়নের ২ নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে  অগভীর নলকুপ সরবরাহ।   ২,০০,০০০/-

২। ঈশান গোপালপুর ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে  অগভীর নলকুপ সরবরাহ।   ২০০,০০০/-

৩।  দূর্গাপুর ১নং ওয়াডে বঙ্গবন্ধু ক্লাবের মোড়ে  টয়লেট ও প্রসাবখানা নির্মাণ । ২০০,০০০/-

৪।  দূর্গাপুর ৩নং ওয়াডে ডবল ব্রীজের মোড়ে  টয়লেট ও প্রসাবখানা নির্মাণ । ২০০,০০০/-

৫। ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদের মাঠের পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ ও মাটি দ্বারা সংস্কার।  ২০০,০০০/-

৬।  ঈশান গোপালপুর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে  অগভীর নলকুপ সরবরাহ।   ২,০০,০০০/-

৭। ঈশান গোপালপুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে  অগভীর নলকুপ সরবরাহ।   ২০০,০০০/-

৮।  ঈশান গোপালপুর ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে  অগভীর নলকুপ সরবরাহ।   ২০০,০০০/-

৯।  ঈশান গোপালপুর ইউনিয়নের  ১-৩ নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে  রিং-স্লাব সরবরাহ।   ২০০,০০০/-

১০।  ঈশান গোপালপুর ইউনিয়নের ৪-৬ নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে  রিং-স্লাব সরবরাহ।   ২০০,০০০/-

আলোচ্য সূচী -৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব খাতের অর্থায়নে  বাস্তবায়নযোগ্য প্রকল্প ও বাস্তবায়ন কমিটি  প্রসঙ্গে আলোচনা।

অদ্যকার সভার সভাপতি মোঃ সহীদুল ইসলাম মজনু সাহেব এক প্রস্তাবে বলেন যে, স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব খাতের অর্থায়নে ঈশান গোপালপুর ইউনিয়নের জনসাধারনের চাহিদার ভিত্তিতে নিম্নে উল্লেখিত  প্রকল্পসমুহ গ্রহন ও বাস্তবায়ন করা বিশেষ প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের  প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । আলাপ-আলোচনা  শেষে  নিন্মরুপ প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

| ক্রঃনং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ক | চাদপুর বেপারী বাড়ীর পাশে প্রামাণিক পাড়া এইচবিবি ও  ফ্লাটসোলিং রাস্তা মেরামত (অংশ-১) | ২৫,০০০/- |
| খ | চাদপুর বেপারী বাড়ীর পাশে প্রামাণিক পাড়া এইচবিবি ও  ফ্লাটসোলিং রাস্তা মেরামত (অংশ-২) | ২৫,০০০/- |
| গ | মদনদিয়া চাদপুর নিখিল সাহার বাড়ীর রাস্তার মোড় হতে বাবলু গুহর বাড়ী পর্যন্ত ইটের রাস্তা মেরামত  (অংশ-১) | ২৫,০০০/- |
| ঘ | মদনদিয়া চাদপুর নিখিল সাহার বাড়ীর রাস্তার মোড় হতে বাবলু গুহর বাড়ী পর্যন্ত ইটের রাস্তা মেরামত  (অংশ-২) | ২৫,০০০/- |
| ঙ | দূর্গাপুর কাচারীরটেক ব্রীজ বাজার হতে জিন্নার বাড়ীর এইচবিবি রাস্তা মেরামত (অংশ-১) | ২৫,০০০/- |
| চ | দূর্গাপুর কাচারীরটেক ব্রীজ বাজার হতে জিন্নার বাড়ীর এইচবিবি রাস্তা মেরামত (অংশ-২) | ২৫,০০০/- |
| ছ | চাদপুর হোসেন মেম্বারের বাড়ী হতে নিজামের দোকান পর্যন্ত ফ্লাটসোলিং রাস্তা মেরামত (অংশ-১) | ২৫,০০০/- |
| জ | চাদপুর হোসেন মেম্বারের বাড়ী হতে নিজামের দোকান পর্যন্ত ফ্লাটসোলিং রাস্তা মেরামত (অংশ-২) | ২৫,০০০/- |

সর্বমোট=  ২০০,০০০/-

আলোচ্যসূচী -৫(১) : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর আওতায়  ১ম পর্যায় প্রকল্পের  তালিকা  ও  প্রকল্প বাস্তবায়ন  কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব  সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর সদর,ফরিদপুর হইতে প্রাপ্ত  পত্র খানা স্মারক নং-৫১.০১.২৯৪৭.০০০.৪১.০০৩.২৩-৮৩৮ তাং-২৪/০৮/২০২৩ইং পাঠ করে শুনান এবং  জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ ( টি,আর ) কর্মসূচীর আওতায় ১ম পর্যায় অত্র ইউনিয়ন পরিষদের অনুকূলে ৫০৩,০০০/- টাকা  বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ  দ্বারা উন্নয়ন মূলক কাজ করা প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের  প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । আলাপ-আলোচনা  শেষে  নিন্মরুপ প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। প্রকল্পের নাম ঃ  দূর্গাপুর ডবল ব্রীজ মোহাম্মদীয়া জামে মসজিদের টিনের চালসহ ওজুখানা নির্মাণ,পানির ট্যাংকি ও মোটর সরবরাহ-২০০,০০০/-

২। প্রকল্পের নাম ঃ  বিষ্ণুপুর রশিদিয়া বালক-বালিকা মাদ্রাসার ৩টি ভবনের জলছাদ নির্মাণ-২০০,০০০/-

৩। প্রকল্পের নাম ঃ  ঈশান গোপালপুর ইউপি ভবনের উভয় পাশে মাটি দ্বারা উন্নয়ন - ১০৩,০০০/-

আলোচ্যসূচী -৫(২) : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায়  ১ম পর্যায় প্রকল্পের তালিকা ও  প্রকল্প বাস্তবায়ন  কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব  সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর সদর,ফরিদপুর হইতে প্রাপ্ত  পত্র খানা স্মারক নং-৫১.০১.২৯৪৭.০০০.৪২.০০২.২৩-৮২৬ তাং- ২৪/০৮/২০২৩ইং পাঠ করে শুনান এবং  জানান যে ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় ১ম পর্যায় অত্র ইউনিয়ন পরিষদের অনুকুলে ৬৭৯,০০০/- টাকা  বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ  দ্বারা উন্নয়ন মূলক কাজ করা প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের  প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । আলাপ আলোচনা  শেষে  নিম্নরুপ প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। প্রকল্পের নাম ঃ  চাদপুর রহমত বেপারী পাড়া বটতলা ভাঙ্গাব্রীজ হইতে হামেদ শেখের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা নির্মাণ ও ফ্লাটসোলিং করণ-৩০০,০০০/

২। প্রকল্পের নাম ঃ  ফতেপুর কুদ্দুস শেখের বাড়ী হইতে আজিজুল হক পাড়া অভিমুখে রাস্তা **HBB** করণ-২০০,০০০/-

৩। প্রকল্পের নাম ঃ  চরনশীপুর পাপিয়া  মেম্বারের ব্রীজ হইতে আনোয়ারের বাড়ী অভিমুখে রাস্তা ফ্লাটসোলিং করণ-১৭৯,০০০/-

আলোচ্যসূচী -৫(৩) : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্য শস্য-চাল) কর্মসূচীর আওতায়  ১ম পর্যায় প্রকল্পের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন  কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব  সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর সদর,ফরিদপুর হইতে প্রাপ্ত  পত্র খানা স্মারক নং-৫১.০১.২৯৪৭.০০০.৪২.০০২.২৩/৮২২ তাং- ২৪/০৮/২০২৩ইং পাঠ করে শুনান এবং  জানান যে ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্য শস্য-চাল) কর্মসূচীর আওতায় ১ম পর্যায় অত্র ইউনিয়ন পরিষদের অনুকুলে ৩.২০০ মেঃটন চাল  বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত খাদ্য শস্য দ্বারা উন্নয়ন মূলক কাজ করা প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের  প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । আলাপ আলোচনা  শেষে নিম্নরুপ প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। প্রকল্পের নাম ঃ  দূর্গাপুর বেড়ীবাধ পাকা রাস্তা হইতে সোনা মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাটসোলিং করণ- ৩.২০০ মেঃটন(চাল)।

আলোচ্যসূচী -৫(৪) : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্য শস্য-চাল) কর্মসূচীর আওতায়  ১ম পর্যায় প্রকল্পের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন  কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব  সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর সদর,ফরিদপুর হইতে প্রাপ্ত  পত্র খানা স্মারক নং-৫১.০১.২৯৪৭.০০০.৪২.০০২.২৩/৮২৭ তাং- ২৪/০৮/২০২৩ইং পাঠ করে শুনান এবং  জানান যে ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্য শস্য-গম) কর্মসূচীর আওতায় ১ম পর্যায় অত্র ইউনিয়ন পরিষদের অনুকুলে ৩.২০০ মেঃটন গম বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত খাদ্য শস্য দ্বারা উন্নয়ন মূলক কাজ করা প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের  প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । আলাপ আলোচনা  শেষে নিম্নরুপ প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। প্রকল্পের নাম ঃ দূর্গাপুর মাইজদ্দিন মাতুঃপাড়া পাকা রাস্তা হইতে ইসমাইল মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাটসোলিং করণ - ৩.২০০ মেঃটন(গম)।

আলোচ্য সূচী -৬ : ২০২৩-২০২৪ অর্থ বছরে ইউপি হোল্ডিং ট্যাক্স আদায় ও ব্যয় প্রসঙ্গে আলোচনা।

অদ্যকার সভার সভাপতি মোঃ সহীদুল ইসলাম মজনু সাহেব এক প্রস্তাবে বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে আগষ্ট/২০২৩ মাসে ৪৭৮,৫৭৯/- ইউপি হোল্ডিং ট্যাক্স আদায় করা হয়েছে এবং উক্ত টাকা ব্যয় করা প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হইল । আলাপ-আলোচনা শেষে নিম্নরুপভাবে হোল্ডিং ট্যাক্স আদায়ের টাকা ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। ১১জন ইউপি সদস্যর ইউপি অংশের সন্মানী ভাতা প্রদান মে/২৩ হইতে জুলাই/২৩ পর্যন্ত -----------------১৪৫,২০০/-
২। গোপালপুর পাকা রাস্তা হইতে ডবল ব্রীজ ও পাপিয়া মেম্বারের ব্রীজ পর্যন্ত রাস্তার দুইপাশ মাটি দ্বারা সংস্কার--২০০,০০০/-
৩। ট্যাক্স আদায়কারীর কমিশন প্রদান ২০% হারে ---------------------------------------------------------৯৫,৭১৫/-
৪। বিবিধ খাতে ব্যয় ------------------------------------------------------------------------------------৩৭,৬৬৪/-

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ সহীদুল ইসলাম মজনু)
চেয়ারম্যান, ঈশান গোপালপুর ইউপি
ফরিদপুর সদর,ফরিদপুর।